কর্মস্থলে নারীদের মার্জিত পোশাক পড়ে আসার নির্দেশ দিল বাংলাদেশ ব্যাংক



LENS ASIA

সংগৃহীত ছবি

নারী কর্মীদের জন্য শাড়ি, ওড়নাসহ সালোয়ার-কামিজ বা মার্জিত ও পেশাদার পোশাক পরার নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। নতুন সার্কুলারে ছোট হাতা, ছোট দৈর্ঘ্যের পোশাক এবং লেগিংস পরা থেকে বিরত থাকতে বলা হয়েছে।

২১ জুলাই মানবসম্পদ বিভাগ-২ থেকে জারি করা নির্দেশনায় বলা হয়েছে, কর্মস্থলে পেশাদার পরিবেশ বজায় রাখতে সকল কর্মচারীকে সামাজিকভাবে গ্রহণযোগ্য পোশাক পরতে হবে। ড্রেস কোড ভাঙলে তা শৃঙ্খলাভঙ্গ হিসেবে বিবেচিত হবে।

পুরুষ কর্মীদের জন্য ফুল বা হাফ হাতা ফরমাল শার্ট ও প্যান্ট বাধ্যতামূলক করা হয়েছে। জিন্স ও গ্যাবার্ডিনের প্যান্ট নিষিদ্ধ করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন একটি বেসরকারি সংবাদ মাধ্যমকে জানান, 'নতুন যোগ দেওয়া কর্মকর্তাদের অনেকের মধ্যেই বিশ্ববিদ্যালয় জীবনের আচরণ থেকে যাওয়ায় এমন নির্দেশনা জারি করা হয়েছে। লক্ষ্য হলো — অফিস পরিবেশে শৃঙ্খলা ও পেশাদারিত্ব বজায় রাখা।এটি কাউকে হিজাব পরতে বাধ্য করার নির্দেশনা নয়।'

বাংলাদেশ ব্যাংকের গভর্নর আহসান এইচ মনসুর বলেন, 'এ নির্দেশনার বিষয়ে আমি জানতাম না। বাইরে থেকে খবর পেয়ে বিস্মিত হয়েছি। দেশে ফিরেই খতিয়ে দেখব।'

সার্কুলারে ২০০৩ সালের বাংলাদেশ ব্যাংক কর্মচারী বিধিমালার ৩৯ ধারা অনুসরণ ও যৌন হয়রানির অভিযোগ জানাবার প্রক্রিয়াও স্পষ্ট করা হয়েছে। যৌন হয়রানির অভিযোগ ৩০ কার্যদিবসের মধ্যে নির্ধারিত কমিটিতে জমা দিতে হবে বলে সার্কুলারে উল্লেখ রয়েছে।